

\*\*\*এসাইনমেন্ট লেখার জন্য কিছু দিক নির্দেশনা

\*\*\*লেখার আগে অবশ্যই ভালোভাবে টপিকটি পড়তে হবে। তারপর প্রশ্ন পড়ে সুন্দরভাবে ব্যাখ্যা করতে হবে। পয়েন্টে ব্যাখ্যা মানে পয়েন্ট লিখে তা বুঝিয়ে লিখতে হবে। প্রশ্নে যদি পয়েন্ট লিখ এমনটি থাকে তাহলে শুধু পয়েন্ট আকারে লিখলেই হবে।\*\*\*

## নিজের কাজ নিজেরা করি



পদ্মাপারের সামনে একটা রেল কলোনি, তিনদিকে তাকে ঘিরে আছে ছোট ছোট গ্রাম, সেই কলোনির ছোট্ট একটা স্কুল। স্কুলের প্রধান শিক্ষককে সব শিক্ষার্থীরা ভালোবাসে আবার ভয়ও করে। একদিন তিনি শিক্ষার্থীদের ডেকে পার্লামেন্টের কথা বললেন। তিনি বললেন, তোমাদের নিজেদের দায়িত্ব নেবে নিজেরাই। নিজেদের সমস্যার নিজেরাই সমাধান করবে।

এসব কথা শুনে সবাই অবাক। প্রত্যেক ক্লাসেই নানারকম কাজের পরিচালনার জন্য কয়েকটি বিভাগের ছক থাকবে, একজন দায়িত্বশীল থাকবে। যেমন ম্যানার্স অ্যান্ড ডিসিপ্লিন সেকশন একটি বিভাগ। সাতজন সদস্য থাকবে এই সেকশনে। ক্লাসেই ঠিক করে নেয়া হবে একজন প্রধান হবে এই সেকশনের। এরকম নটা বিভাগ।


শক্ত মলাটের নীল খাতার পাতায় পাতায় লেখা হচ্ছে বিভাগের নাম।

ম্যানার্স অ্যান্ড ডিসিপ্লিন সেকশন, লিটারেরি সেকশন, ফাইন আর্টস, ইঞ্জিনিয়ারিং, অ্যাগ্রিকালচারাল, অ্যাথলেটিকস, হেলথ, সোশ্যাল সার্ভিস আর অ্যামিউজমেন্ট সেকশন।

ম্যানার্স অ্যান্ড ডিসিপ্লিন সেকশনের কাজ ক্লাসের শৃঙ্খলা রাখা, লিটারেরি সেকশনের কাজ দেয়ালপত্রিকার আয়োজন করা, কোথাও আগুন লাগলে বা কেউ অসুস্থ হলে সোশ্যাল সার্ভিসের শিক্ষার্থীরা এগিয়ে যাবে। থিয়েটারের আয়োজন

করতে পারে অ্যামিউজমেন্ট সেকশন। আর বাকিরা হঠাৎ একদিন লাফিয়ে চলে গেল প্রধানশিক্ষকের কাছে একদিনের ছুটি চাইতে। ক্লাসঘর রং করবে। অন্য শিক্ষকেরা একটু বিরক্ত হলেও প্রধানশিক্ষক ছুটি দিলেন। এরপর মই বুরুশ বালতি চুন খুঁজবার জন্য দিকে দিকে দৌড়াল সবাই। এসব সংগ্রহের পর কাজ শুরু করল সবাই। পরদিন একেবারে ঝকঝকে-তকতকে ক্লাসঘরে ঢুকে ক্লাসটিচার বেশ আন্তরিক খুশিতে বলে উঠল- বাহ, ক্লাস নাইন করেছে এসব! এবার ক্লাস টেন বা এইট নয় কেন! তারাও কাজ শুরু করে দিল। কোন ক্লাস কত সুন্দর করে তুলতে পারে তা নিয়ে সবাই আনন্দিত। এই কাজ করেছে ইঞ্জিনিয়ারিং সেকশন।

তাহলে অ্যাগ্রিকালচারাল সেকশন বাগান করবে। শুরু হল বাগান করার কাজ। বিকেলে খুরপি কোদাল নিয়ে তৈরি সবাই। অল্পদিন পরেই ফুলে ভরা বাগানসারির সামনে দাঁড়িয়ে শিক্ষকেরা বলছেন, ‘এই যে এটা ক্লাস সিক্সের বাগান, এটা সেভেনের, এটা এইটের, এটা নাইনের.....।’



ছোট শহর তাই শহরময় ছড়িয়ে পড়ল এই বিদ্যালয়ের কথা। সবাই বলতে লাগল প্রধানশিক্ষক ভারি বুদ্ধিমান! ক্লাসঘর রং করিয়ে বাগান করে ফেললেন পুরো বিদ্যালয়টি। ক্লাসঘরের ভিতরে বাইরে থেকে দেখা না গেলেও ফুলে ফুলে ভরা বাগান বাইরে থেকে সবাই দেখতে পান।

নিজেদের কাজ নিজেরা করেছে ভেবে শিক্ষার্থীরা গর্ব-গর্ব মুখে ঘুরে বেড়াচ্ছে।

## এসাইনমেন্ট

১। পাবনায় ক্লাস এইটে পড়া কিছু ছাত্রের গল্প। একদিন স্কুলের স্কাউটিং স্যার বললেন, আমাদের স্কুলের পুকুরে কচুরিপানা বিশ্রীভাবে জমে গেছে, পুকুরটা নষ্ট হয়ে যাচ্ছে। চলো আমরা সবাই মিলে পরিষ্কার করি। সবাই হৈ হৈ করে রাজি হয়ে গেল।

একদিন সকালবেলা ৪০-৫০ জন স্কাউট গিয়ে নামল পুকুরে। প্রচণ্ড রোদের মধ্যে ঘেমে-নেয়ে কাজ করতে করতে যখন প্রায় দুপুর হলো, হঠাৎ তাকিয়ে দেখে, পুকুরের সেই অংশটা স্বচ্ছ পানিতে টলমল করছে। নোংরা আর দুর্গন্ধ সরে গিয়ে পুকুর ঝকঝকে হয়ে উঠেছে। দৃশ্যটা দেখে গভীর আনন্দে বুকের ভেতরটা ভরে গেল সবার। নিজেদের স্কুলের পুকুর নিজেরা পরিষ্কার করে খুব ভালো লাগছিলো তাদের।

**প্রশ্নঃ** নিজের কাজ নিজে করার ফলে আমরা দায়িত্বশীল হয়ে উঠি কীভাবে ১০টি পয়েন্টে লিখ।

২। ক) আসিফ ৬ষ্ঠ শ্রেণির ছাত্র। কখনো নিজের পড়ার টেবিল, নিজের কাপড় গুছিয়ে রাখে না এমনকি কখনো নিজে গ্লাসে পানি ঢেলে খায় না। সবসময় মাকে সবকিছু করে দিতে হয়। এজন্য কোথাও যেতে চায় না কারণ নিজের কাজগুলোর জন্য সে তার মায়ের উপর নির্ভরশীল।

**প্রশ্নঃ** নিজের কাজ নিজে করার মধ্য দিয়ে আমরা কীভাবে আত্মনির্ভরশীল হতে শিখি তা ৫টি পয়েন্টে ব্যাখ্যা কর।

খ)



**প্রশ্নঃ** ছবিতে দেখা যাচ্ছে কিছু ছাত্র-ছাত্রী স্কুলের মাঠ পরিষ্কার করছে। এই কাজের মাধ্যমে সবার মধ্যে কী কী গুণাবলি বিকশিত হবে তা ৫টি পয়েন্টে লিখ।

**\*\*\*** এসাইনমেন্ট আগামী ১৭-০৮-২০২০ সোমবারের মধ্যে [samia.cosmo20@gmail.com](mailto:samia.cosmo20@gmail.com) ঠিকানায় মেইল করবে\*\*\*যারা পূর্বের এসাইনমেন্ট জমা দাও নি, একসাথে জমা দিবে\*\*\*

কোর্স শিক্ষক

সামিয়া ফেরদৌস